

21787 - যার উপর রমজানের কাযা রোজা আছে তার আশুরার রোজা পালন

প্রশ্ন

প্রশ্ন: আমার উপরে রমজানের কাযা রোজা আছে। আমি আশুরার রোজা রাখতে চাই। এখন রমজানের রোজা কাযা পালন করার আগে আশুরার রোজা রাখা কি জায়েয হবে? মুহররম মাসের ১০ তারিখ ও ১১ তারিখে রমজানের কাযা রোজা পালন করা কি জায়েয হবে? যার মাধ্যমে আমি আশুরার রোজা রাখার সওয়াবও পেতে পারি।

প্রিয় উত্তর

এক:

যার উপর একদিন বা একাধিক দিনের ফরজ রোজা কাযা আছে তিনি নফল রোজা রাখবেন না। বরং আগে ফরজ রোজার কাযা আদায় করবেন; তারপর নফল রোজা রাখবেন।

দুই: যদি কেউ মুহররম মাসের ১০ তারিখ ও ১১ তারিখ রমজান মাসের কাযা রোজা পালনের নিয়ত করে সেটা জায়েয হবে এবং দুইদিনের কাযা রোজা আদায় হয়ে যাবে। দলিল হচ্ছে- “প্রত্যেক আমল নিয়ত অনুযায়ী পালিত হয়; প্রত্যেক ব্যক্তি যা নিয়ত করে সে তা-ই পায়”[ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি (১১/৪০১)]

আশা করি আপনি কাযা রোজার সওয়াব ও সেই দিন রোজা রাখার সওয়াব উভয় সওয়াব পাবেন।[দেখুন: শাইখ উছাইমীনের ‘মানারুল ইসলাম ফতোয়াসমগ্র (২/৩৫৮)]